

এর পরে কী ঘটবে?

Generation New Era-এর অংশ হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনার অংশগ্রহণ একটি গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক গবেষণায় অবদান রেখেছে, যা আগামী বছ বছর ধরে পরিবার ও শিশুদের জীবন উন্নত করতে সাহায্য করবে। আমরা আশা করি, আপনার সন্তান এবং একজন অভিভাবক হিসেবে আপনার অভিজ্ঞতা সম্পর্কে আমাদের প্রশ্নগুলোর উত্তর দেওয়া আপনি উপভোগ করেছেন।

ভবিষ্যতে কী ঘটবে?

আপনার পরবর্তী সাক্ষাৎকার: আপনার সন্তান কেমন আছে তা জানার জন্য আমরা কয়েক বছর পরপর আপনাকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানোর আশা রাখি। আপনার সন্তানের বয়স 3 বছর হলে সম্ভবত পরবর্তী সাক্ষাৎকারটি অনুষ্ঠিত হবে। আপনার সন্তান বড় হলে, তারা নিজেই সিদ্ধান্ত নিতে পারবে যে তারা অংশগ্রহণ চালিয়ে যেতে চায় কিনা।

BabySteps অ্যাপ: আপনি যদি BabySteps অ্যাপে নিবন্ধন করে থাকেন, তাহলে আমরা আপনাকে প্রতি মাসে ছোট ছোট গবেষণা কার্যক্রমে অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানাব, যেখানে আপনি অতিরিক্ত ভাউচার অর্জন করতে পারবেন। যদি আপনি এখনও নিবন্ধন না করে থাকেন এবং করতে চান, তাহলে আপনি আপনার সাক্ষাৎকারের লগইন কোডটি ব্যবহার করতে পারেন।

ভবিষ্যৎ সুযোগসমূহ: আপনাকে অন্যান্য গবেষণা কার্যক্রমে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হতে পারে, অথবা এই গবেষণায় সাহায্য করার জন্য অন্য কোনোভাবে যুক্ত হতে চান কিনা তা জিজ্ঞাসা করা হতে পারে। আপনি চাইলে এসব কার্যক্রমে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিতে পারেন এবং তা সত্ত্বেও Generation New Era-এর অংশ হয়ে থাকতে পারেন।

অংশগ্রহণ করা সবসময় আপনার নিজের সিদ্ধান্ত। আপনি যেকোনো সময় সম্পূর্ণ গবেষণা থেকে অথবা এর নির্দিষ্ট কোনো অংশ থেকে সরে যাওয়ার অধিকার রাখেন।

আমরা কীভাবে আপনার সঙ্গে যোগাযোগ রাখব?

আমরা ইমেইল ও ডাকযোগে গবেষণার খবর ও ফলাফল সংক্রান্ত আপডেট আপনাকে পাঠাব। যোগাযোগ রাখার জন্য আমরা আপনার দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করব। **আপনি যদি ঠিকানা পরিবর্তন করেন বা আপনার ইমেইল ঠিকানা অথবা ফোন নম্বর পরিবর্তন করেন, তাহলে অনুগ্রহ করে QR কোডটি ব্যবহার করে আমাদের জানান।**

আপনি যদি এমন কোনো ব্যক্তির তথ্য আমাদের দিয়ে থাকেন যাকে ভবিষ্যতে আপনার সাথে যোগাযোগ করা না গেলে আমরা যোগাযোগ করতে পারি, **তাহলে অনুগ্রহ করে নিশ্চিত করুন যে তিনি এই উদ্দেশ্যে তার তথ্য আমাদের কাছে রাখা ও ব্যবহার করার বিষয়ে সম্মত আছেন।**

আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ রাখতে সাহায্য করার জন্য আমরা NHS রেকর্ড, ঠিকানা যাচাইকরণ পরিষেবা এবং সর্বজনীনভাবে প্রাপ্ত তথ্যের মতো উৎসও ব্যবহার করতে পারি।

আপনি আমাদের ওয়েবসাইট gnestudy.info-এ আরও তথ্য পেতে পারেন। আমাদের Instagram-এ ফলো করুন! @gnestudy

আপনার সাক্ষাৎকার নিয়ে কোনো প্রশ্ন আছে?

Ipsos-এর সাথে যোগাযোগ করুন: gnestudy@ipsos.com অথবা 0800 151 0610.

আপনার যোগাযোগের তথ্য বা অনুমতি হালনাগাদ করতে চান, অথবা
গবেষণা থেকে সরে যেতে চান?

আপনি যদি আপনার ঠিকানা, ইমেইল ঠিকানা বা ফোন নম্বর পরিবর্তন করতে চান,
তাহলে অনুগ্রহ করে এখানে স্ক্যান করুন: QR কোড – [gnestudy.info/update-your-
details](https://gnestudy.info/update-your-details).

আপনি চাইলে যোগাযোগ ফর্মের মাধ্যমে রুটিন রেকর্ড যুক্ত করার অনুমতি
পরিবর্তন করতে পারেন অথবা গবেষণা থেকে সরে যেতে পারেন।



আপনার জীবনের কোনো বিষয় নিয়ে যদি কারও সঙ্গে কথা বলতে চান, তাহলে কী
হবে?

আমরা আশা করি এতে অংশগ্রহণ করা আপনি উপভোগ করেছেন। কোনো বিষয় নিয়ে আপনার
উদ্বেগ তৈরি হলে, সাহায্য করতে পারে এমন বিভিন্ন সংস্থা রয়েছে।

- **Home Start** – অভিভাবকদের জন্য সহায়তা: home-start.org.uk/find-your-nearest-home-start
- **Citizens Advice** – অর্থ ও ব্যবহারিক পরামর্শ: citizensadvice.org.uk
- **Talk to FRANK** – মাদক ও মদ্যপান সম্পর্কিত গোপনীয় পরামর্শ: talktofrank.com। ইমেইল করুন, 82111 নম্বরে টেক্সট করুন, 0300 123 6600 নম্বরে কল করুন (24 ঘণ্টা), অথবা ওয়েবচ্যাট ব্যবহার করুন
- **Refuge** – নারীদের জন্য পারিবারিক নির্যাতন সংক্রান্ত সহায়তা: refuge.org.uk অথবা কল করুন 0808 2000 247 (24 ঘণ্টা)
- **Respect** – নিজেদের আচরণ নিয়ে উদ্বিগ্ন ব্যক্তিদের জন্য সহায়তা (কল করুন 0808 8024040) অথবা পারিবারিক নির্যাতনের পুরুষ ভুক্তভোগীদের জন্য (কল করুন 0808 8010 327)। respect.org.uk
- **Samaritans** – মানসিক সহায়তা: samaritans.org অথবা কল করুন 116 123 (24 ঘণ্টা)
- স্বাস্থ্য সংক্রান্ত কোনো উদ্বেগ থাকলে, আপনার জিপি বা স্বাস্থ্য পরিদর্শকের সাথে যোগাযোগ করুন।

Generation New Era-এর অংশ হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ